যুগান্তর

তারিখ 03 APR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৫

# শিক্ষা অফিসারের অপসারণ দাবির মিছিলে জয় বাংলা স্লোগান

মানিকগঞ্জ প্রতিনিধি

'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' স্লোগান দিয়ে শিবালয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পারমিস সুলতানার বিরুদ্ধে শিক্ষক ও কর্মচারীর ব্যানারে বিক্ষোভ মিছিল হয়েছে। বিক্ষোভ মিছিলে ওই শিক্ষা অফিসারের বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ এনে তার অপসারণের দাবি করা হয়। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে এ বিক্ষোভ মিছিল হয়। শিবালয় শিক্ষক সমিতির ব্যানারে মিছিলের আয়োজন করা হলেও মিছিলে কোনো শিক্ষক বা কর্মচারী উপস্থিত ছিলেন। উল্লেখ্য কিছু যুবক ও উথলী ইউনিয়নের বেশ কয়েকজনের সমন্বয়ে বিক্ষোভ মিছিলটি উপজেলা পরিষদ প্রাঙ্গণ প্রদক্ষিণ করে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে সচেতন মহলের পক্ষ থেকে একটি স্মারকলিপি পেশ করা হয়। বিক্ষোভ মিছিলে উথলী ইউনিয়ন যুবলীগ সভাপতি কামাল-ই বিল্লালের নেতৃত্বে মুহু মুহু 'জয় বাংলা ও জয় বঙ্গবন্ধু' বলে স্লোগান দেয়া হয়। এব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পারমিস সুলতানা জানান, স্থানীয় একটি জুনিয়র উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও তার প্রতিষ্ঠানের ৬ জন ভুয়া শিক্ষকের এমপিও অভিযোগ তদন্ত করতে যাওয়ায় তার বিরুদ্ধে আন্দোলন করা হচ্ছে।